

‘সবার জন্য শিক্ষা’ আঞ্চলিক সম্মেলন সমাপ্ত

বাসস জানায়, ‘সবার জন্য শিক্ষা’ সংক্রান্ত মধ্য ও দক্ষিণ এশিয়ার ৩ দিনব্যাপী সম্মেলন গতকাল ঢাকায় শেষ হয়েছে। অংশগ্রহণকারী দেশগুলো সর্বসম্মতিক্রমে এ সংক্রান্ত বিশ্ব সনদের ৯ দফা গ্রহণে সম্মত হয়েছে।

সম্মেলনের বিদায়ী অধিবেশনে শিক্ষামন্ত্রী এবং সম্মেলনের চেয়ারম্যান শেখ শহীদুল ইসলাম সভাপতিত্ব করেন।

এর আগে শ্রীলঙ্কার শিক্ষা প্রতিমন্ত্রী এস রানা সিলে এবং নেপালের শিক্ষামন্ত্রী পি এন চৌধুরী যথাক্রমে পূর্ণাঙ্গ ও দ্বিতীয় অধিবেশনে সভাপতিত্ব করেন।

সম্মেলনে সম্মত ক্ষেত্রগুলো হচ্ছে উন্নয়নের পূর্বশর্ত হিসেবে শিক্ষার ভূমিকা এবং নিরক্ষরতার মূলোৎপাটন, শিশু শ্রমিক ও অনানুষ্ঠানিক শিক্ষা, শিক্ষার বিস্তারে সম্প্রদায়ের অর্থবহ ও শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

‘সবার জন্য শিক্ষা’

প্রথম পৃষ্ঠার পর

সরাসরি অংশগ্রহণ, ইতিবাচক সাংস্কৃতিক মূল্যবোধ সৃষ্টি, সামগ্রিক পরিকল্পনা প্রক্রিয়ায় বেসরকারী সংগঠনগুলোর ভূমিকা, বাস্তবায়ন ও পর্যবেক্ষণ, দাতা সংস্থা ও গ্রহীতা দেশের মধ্যে উন্নয়ন সহায়তা এবং শিক্ষা বনাম অজ্ঞতা বিষয়ে বিভিন্ন গবেষণাসহ বিশ্বসনদ ও কাঠামো বিষয়ে সম্মতি।

ভারতের শিক্ষা সচিব এবং ভারতীয় প্রতিনিধি দলের নেতা মিঃ অনিল বরদিয়া সম্মেলনে সম্মত ক্ষেত্রগুলোর বিষয়ে আলোকপাত করেন।